দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 0 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩ ...

151

# বাউফলে ১৬টি প্রাথমিক বিদ্যালয়ের সহস্রাধিক ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

বাউফল সংবাদদাতা ॥ গত ৯৮ সনের প্রাইমারী বৃত্তি পরীক্ষায় শতকরা ১০ ভাগ ছাত্র-ছাত্রীকে অংশ গ্রহণ করাইতে ব্যর্থ হওয়ায় বাউফল থানার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অন্তর্ভুক্ত ৩টি ইউনিয়নের ১৬টি প্রাথমিক বিদ্যালয়ের বিরুদ্ধে কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির শিক্ষা কর্মসূচীর সম্পূর্ণ গম বাতিল করিয়া দিয়াছে।

ফলে ঐ ১৬টি বিদ্যালয়ে অধ্যয়নরত গরীব ও দুস্থ পরিবারের সহস্রাধিক ছাত্র-ছাত্রী শিক্ষা কর্মসূচীর গম, চাউল হইতে বঞ্চিত হইয়াছে। ঐ সমস্ত স্কুলে ছাত্র-ছাত্রীর উপস্থিতির হার ক্রমশঃ হ্রাস পাইতেছে।

( ৯ম পৃঃ দ্রঃ )

## বাউফলে ১৬টি

( ৩য় পৃঃ পর )

থানা শিক্ষা অফিস সূত্রে জানা যায় সরকারের নির্দেশ রহিয়াছে যে সমস্ত স্কুল প্রাইমারী বৃত্তি পরীক্ষায় শতকরা ১০ ভাগ ছাত্রছাত্রী অংশগ্রহণ করাইতে ব্যর্থ হইবে সেই সমস্ত স্কুল যদি শিক্ষা কর্মসূচীর অন্তর্ভুক্ত থাকে তাহা হইলে ঐ সমস্ত স্কুলের শিক্ষা কর্মসূচীর গম বাতিল করিয়া দেওয়া হইবে এবং শিক্ষা কর্মসূচীর বাহিরের শিক্ষাপ্রতিষ্ঠানগুলির প্রধান শিক্ষককে শুধুমাত্র কৈফিয়ত তলব করা হইবে। সরকারের উক্ত নির্দেশ মোতাবেক উল্লেখিত ব্যর্থ শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইয়াছে। জানা যায়, বাউফল থানার ১৪টি ইউনিয়নে সরকারী ও রেজিষ্টার্ডসহ মোট দুই শতাধিক প্রাইমারী বিদ্যালয় আছে। উহার মধ্যে ৩টি ইউনিয়ন শিক্ষা কর্মসূচীর অন্তর্ভুক্ত। এই বছর এই থানার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানই শতকরা ১০ ভাগ ছাত্র-ছাত্রী প্রাইমারী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করাইতে ব্যর্থ হইয়াছে। শিক্ষা কর্মসূচীর বাহিরে ব্যর্থ শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে শুধু কৈফিয়ত তলব করা হইয়াছে এবং শিক্ষা কর্মসূচীর অন্তর্ভুক্ত উক্ত ১৬টি বিদ্যালয়ের গম বাতিল করিয়া দুস্থ-গরীব শিশুদের উপরে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইয়াছে। শাস্তিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির অভিভাবক শিক্ষকদের সাথে আলাপ করিয়া জানা যায়, গতবছরের প্রাইমারী বৃত্তি পরীক্ষা ডিসেম্বর মাসে অনুষ্ঠিত না হইয়া '৯৯ জানুয়ারী মাসে অনুষ্ঠিত হওয়ায় বৃত্তি পরীক্ষার্থীরা জানুয়ারী মাসে মাধ্যমিক স্কুলে গিয়া ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হওয়ায় তাহারা বৃত্তি পরীক্ষা দেওয়ার উৎসাহ হারাইয়া ফেলে। ফলে গতবছর বৃত্তি পরীক্ষায় অনুপস্থিতির হারও বেশী ছিল।

একটি স্কুল হইতে ২/৩ জন ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশ না নেওয়ার কারণে সেই স্কুলের সুবিধাভোগী সকল দুস্থ গরীব ছাত্র-ছাত্রীর শাস্তি ভোগ করিবে ইহা কেমনতর শাস্তি বলিয়া অভিজ্ঞমহলে প্রশ্ন।